

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২২, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পোর্ট-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ৫ই আশ্বিন, ১৪০১/২০শে সেপ্টেম্বর, ১৯৯৪

এস, আর, ও নং ২৭৮-আইন/৯৪—যেহেতু সরকার নোয়াখালী জেলার চাটখিল থানার নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করার প্রস্তাব করিয়াছিলেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন পাবলিক নটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিলেন এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত rule নোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনার-এর উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া উক্ত Rules এর rule 4(2) এর অধীন নিম্নতফসিল-ভুক্ত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

(৪৫৭৩)

স্বাক্ষর: টিকা ১০০

অতএব, সেহেতু উক্ত Rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্ন-তফসিলভুক্ত শহর এলাকাসমূহ সমন্বয়ে আগামী ১-১-১৯৯৫ ইং তারিখ হইতে চাটখিল মিউনিসিপ্যালিটি গঠনের ঘোষণা করিলেন :—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নম্বর
১	২	৩	৪	৫
১	পাচগাঁও	ফতেপুর	১৬৯	১—১৫৩৭
২	ঐ	নির্ঝাপুর	২০১	১—৩০১
৩	ঐ	সুন্দরপুর	২০২	১—২১১৭
৪	ঐ	ভীমপুর	২০০	১—১২১৪
৫	চাটখিল	ধানালিয়া	২০৯	১—৫১১
৬	ঐ	শাহনেওয়ামতপুর	২০৮	১—১৬৭
৭	ঐ	দৌলতপুর	২০৭	১—৫৮৮
৮	ঐ	চাটখিল	২১০	১—৫৬৩
৯	ঐ	গৌবিন্দপুর	২১২	৫৬৫—৮৬০
১০	ঐ	টবগী	২১১	৩২২—২৬৯৯

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, নাজমুল আলম সিদ্দিকী
যুগ্ম-সচিব (উন্নয়ন)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস
তেজগাঁও ঢাকা কর্তৃক প্রকাশিত।